



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/19/2022

গভর্নর ক্যাথি হোকল

ওপিওয়েড সেটেলমেন্ট বোর্ড 19 থেকে 21 সদস্যে সম্প্রসারণের জন্য গভর্নর হোকলের
আইন স্বাক্ষর

দু'টি নতুন নিয়োগ সম্পর্কে গভর্নরের ঘোষণা

গভর্নর ক্যাথি হোকল আজ, ওপিওয়েড সেটেলমেন্ট বোর্ড 19 থেকে 21 সদস্যে সম্প্রসারণের
জন্য আইনে স্বাক্ষর করার পরে, বোর্ডে তার দু'টি নিয়োগের ঘোষণা দিয়েছেন।

"আমরা কোভিড-19 মহামারী কাটিয়ে ওঠার এই সময়ে, নিউ ইয়র্কবাসীদের বহু বছর ধরে সহ্য
করে আসা আফিমজাত মাদকাসক্তির মহামারীর প্রভাবেও প্রশমিত করার জন্য আমাদের
প্রতিশ্রুতিবদ্ধ হতে হবে," বলেছেন গভর্নর হোকলা "আর একারণেই আমি অ্যান কনস্ট্যান্টিনো
ও ডেব্রা প্যান্টিনকে নিয়োগদান করছি, যেসব নিউ ইয়র্কবাসীর প্রতিরোধ, চিকিৎসা, এবং
পুনরুদ্ধারের ক্ষেত্রে উন্নতির জন্য আমাদের সহায়তা প্রয়োজন তাদেরকে সুফল প্রদানের জন্য
এই দু'জন নিবেদিত ও যোগ্য সরকারী কর্মচারী আমার সাথে কাজ করবেন।"

অ্যান কনস্ট্যান্টিনো ওপিওয়েড সেটেলমেন্ট বোর্ডে (Opioid Settlement Board) নিয়োগ
পেয়েছেন। মিজ কনস্ট্যান্টিনো হরাইজন হেলথ সার্ভিসের (Horizon Health Services) এর
প্রেসিডেন্ট ও সিইও, এবং 1986 সাল থেকে হরাইজনে কাজ করছেন যেখানে তিনি চিফ
অপারেটিং অফিসার হিসেবে কাজ শুরু করেছিলেন। সিইও হিসেবে, মিজ কনস্ট্যান্টিনো
ওয়েস্টার্ন নিউইয়র্কে পরিষেবার সম্প্রসারণ ঘটতে দেখেছেন। সম্প্রসারণের ফলে, হরাইজন
হেলথ সার্ভিসের প্রসার ঘটেছে এবং ওয়েস্টার্ন নিউইয়র্কে মানসিক স্বাস্থ্য ও আসক্তির চিকিৎসা
এবং সহায়তা পরিষেবা প্রদানকারীর অন্যতম বৃহত্তম প্রোভাইডারে পরিণত হয়েছে। মিজ
কনস্ট্যান্টিনো একজন গর্বিত ওয়েস্টার্ন নিউ ইয়র্কার, যিনি বাফেলো স্টেট (BA) এবং SUNY
বাফেলো (MS) থেকে গ্র্যাজুয়েট হয়েছেন। মিজ কনস্ট্যান্টিনো তার কমিউনিটিতে এবং একাধিক
বোর্ডে সক্রিয় রয়েছেন যেমন: আমহাস্ট চেম্বার অফ কমার্স (Amherst Chamber of
Commerce) এর নির্বাহী কমিটির সদস্য; NYS-এর আসক্তি পরিষেবা প্রদানকারী, কার্যনির্বাহী
কমিটি; কোয়ালিশন ফর কমিউনিটি সার্ভিসেস, নিউ ইয়র্কের SUD চিকিৎসা সংস্থাগুলির একটি
নেটওয়ার্ক।

ডেব্রা প্যান্টিন ওপিওয়েড সেটেলমেন্ট বোর্ডে নিয়োগ পেয়েছেন। মিজ প্যান্টিন নিউ
ইয়র্কের রিচমন্ড হিলে অবস্থিত আউটরিচ ডেভেলপমেন্ট কর্পোরেশনের প্রেসিডেন্ট ও সিইও।

সিইও হিসেবে, মিজ প্যান্টিন মাদকদ্রব্যের অপব্যবহার এবং মানসিক স্বাস্থ্য চিকিৎসার ক্ষেত্রে তার 30 বছরের অভিজ্ঞতা ব্যবহারের দিকে মনোনিবেশ করেন। পেশাগত ভাবে, মিজ প্যান্টিন একজন সমাজকর্মী যার কমিউনিটির উন্নয়ন এবং ফলাফলের উন্নতির ক্ষেত্রে ব্যাপক পটভূমি রয়েছে। ব্রঙ্কসে ভিআইপি কমিউনিটি সার্ভিসের (VIP Community Services) সিইও হিসেবে কাজ করার সময়, মিজ প্যান্টিন এজেন্সির কার্যক্রমে অভূতপূর্ব উন্নতির তত্ত্বাবধানে সাহায্য করতে সক্ষম হয়েছিলেন। তার তত্ত্বাবধানে তহবিল 21 মিলিয়ন ডলার থেকে 30 মিলিয়ন ডলারে উন্নীত হয়েছিল। মিজ প্যান্টিন নিউ ইয়র্ক স্টেটের অ্যালকোহলিজম অ্যান্ড সাবস্ট্যান্স অ্যাবিউজ প্রোভাইডার (Alcoholism and Substance Abuse Providers of New York State, ASAPNYS) এর প্রেসিডেন্ট এবং মেন্টাল হেলথ নিউজ এডুকেশনের (Mental Health News Education) বোর্ড অফ ডিরেক্টর্সের চেয়ারম্যান। তিনি অসংখ্য জাতীয়, স্টেট, ও স্থানীয় বোর্ডে অংশগ্রহণ করেন, এবং এর আগে আচরণগত স্বাস্থ্য সংস্থাগুলির জোটের (Coalition of Behavioral Health Agencies) জন্য মাদকদ্রব্যের অপব্যবহার সংক্রান্ত চিকিৎসা কমিটির সহ-সভাপতি ছিলেন।

নিউ ইয়র্ক স্টেট অ্যাসোসিয়েশন অফ কাউন্টিজ (New York State Association of Counties, NYSAC) ওপিওয়েড সেটেলমেন্ট বোর্ডে নিয়োগের জন্য তিনটি সুপারিশ করেছে যা বর্তমানে পর্যালোচনাধীন রয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবক্লাইব করুন](#)